দৈনিক সংবাদ

তারিখ ...12 JUL. 1995 ...

পৃষ্ঠা ৫ কলাম ১...

20

# কৃষি বিশ্ববিদ্যালয়ে সনদপত্র বিতরণ অনুষ্ঠান

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ১১ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইন্সটিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাদের গবেষণা ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ এক সনদপত্র ও সম্মানী বিতরণ অনুষ্ঠান ইন্সটিটিউটে সম্প্রতি অনুষ্ঠি ত হয়।

এতে প্রধান অতিথি ছিলেন জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের 'এমিরিটাস বিজ্ঞানী' ডঃ কাজী এম বদরুদ্দোজা। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী সহ–সভাপতি ডঃ এম. সুজায়েতউল্লা চৌধুরী ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মোঃ আবদুস সাত্তার। ইন্সটিটিউটের মহাপরিচালক ডঃ মোঃ আনোয়ারুল কাদের শেখের সভাপতিত্বে ও বৈজ্ঞানিক কর্মকর্তা মঙ্গল চন্দ্র চন্দের পরিচালনায় এতে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইন্সটিটিউটের সহযোগী পরিচালক সিএস সাহা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ডঃ এম ইদ্রিস আলী এবং ডঃ এম, এম মিঞা। অনুষ্ঠানে মোট ২১ জন বিজ্ঞানীর মাঝে সম্মানী ও সনদপত্র বিতরণ করা হয়।

## নয়া কমিটি গঠন

কৃষিবিদদের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে কাজ করার লক্ষ্যে 'প্রগ্রেসিভ এগ্রিকালচারিস্টস'–এর ১৯৯৫–৯৬ সালের জন্য নতুন কমিটি গঠিত হয়েছে। ১৭ সদস্যবিশিষ্ট নতুন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন যথাক্রমে ডঃ এম, এ ওয়াহাব ও ডঃ মীর্জা আবুল হাসিম।